# ফ্যামিলি কার্ড বিতরণে রাজনৈতিক বিবেচনা করা হয়নি: অর্থমন্ত্রী



অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ। ছবি: সংগৃহীত

ফ্যামিলি কার্ড বিতরণে কোনো ধরনের রাজনৈতিক পক্ষপাতিত্ব করা হয়নি বলে দাবি করেছেন অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী।

রোববার (৩০ আগস্ট) সকালে চট্টগ্রাম সার্কিট হাউসে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর পুনরুদ্ধার ও পুনর্বাসন সহায়তা প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

অর্থমন্ত্রী বলেন, ফ্যামিলি কার্ড প্রকল্প বাস্তবায়নে দক্ষতা বাড়ানোর ফলে সরকারি অর্থের অপচয় কমানো সম্ভব হয়েছে। প্রকল্পের পরীক্ষামূলক পর্যায়ে ভুলের হার ছিল মাত্র ১ দশমিক ২ শতাংশ, যা তুলনামূলকভাবে খুবই কম। তাঁর মতে, সঠিকভাবে সুবিধা পৌঁছে দিতে না পারলে প্রকল্পে অর্থের অপচয় বা ক্ষতির সুযোগ তৈরি হয়।

সরকারের বিভিন্ন কার্যক্রমে অংশীদারত্বের ভিত্তিতে কাজ করার নীতির কথাও তুলে ধরেন আমীর খসরু। তিনি বলেন, শুধু বন্যায় ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন নয়, সরকারের বিভিন্ন উদ্যোগে অংশীদারত্বের নতুন পদ্ধতি তৈরি করা হচ্ছে। এর অংশ হিসেবে 'ক্রিয়েটিভ ইকোনমি'র একটি নতুন মডেলও চালুর উদ্যোগ নেওয়া হয়েছে।

LENS ASIA